



## সুদমুক্ত শিক্ষাঋণের জন্য দরখাস্ত আহ্বান

হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন “মেধা লালন প্রকল্প”-এর অধীনে সুদমুক্ত শিক্ষাঋণ প্রদানের জন্য বিভিন্ন শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র ২০২৩ সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করছে। নির্ধারিত আবেদন ফর্ম ফাউন্ডেশন-এর অফিস থেকে সরাসরি অথবা ফাউন্ডেশনের ওয়েবসাইট **hdfbd.com** থেকে সংগ্রহ করা যাবে। আবেদন ফর্ম পূরণ করে জমা দেবার শেষ তারিখ ৩১ অক্টোবর ২০২৩। ডাকযোগে বা সরাসরি অফিসে (শুক্র/শনি ও সরকারি ছুটির দিন ব্যতীত অন্যান্য দিন সকাল ৯.৩০ থেকে বিকাল ৪ টা পর্যন্ত) আবেদন ফর্ম জমা দেওয়া যাবে।

মাসিক শিক্ষাঋণ এর পাশাপাশি প্রকল্পভুক্ত ছাত্রছাত্রীদেরকে প্রতি শিক্ষাবর্ষে শিক্ষা উপকরণ কেনার জন্য অফেরতযোগ্য অনুদান প্রদান করা হয়ে থাকে। শিক্ষাঋণ ও শিক্ষা উপকরণ কেনার জন্য অনুদান এর হার নিম্নরূপ:

শ্রেণী	মাসিক শিক্ষাঋণ	প্রতি শিক্ষাবর্ষে অনুদান (অফেরতযোগ্য)
উচ্চ মাধ্যমিক	১,১৫০/-	বিজ্ঞান/ ভোকেশনাল : ৭০০/- মানবিক/বাণিজ্য/ অন্যান্য : ৫০০/-
স্নাতক (শুধুমাত্র প্রকল্পভুক্ত সদস্যদের জন্য প্রযোজ্য)	জেনারেল : ১,৭০০/- টেকনিক্যাল: ১,৮০০/-	জেনারেল : ১,০০০/- টেকনিক্যাল: ২,০০০/-

\* ঋণ গ্রহণ ও ফেরত প্রদানের শর্তাবলি আবেদন ফর্মে বিস্তারিত উল্লেখ থাকবে।

আবেদনকারীর যোগ্যতা:

বিভাগ	ন্যূনতম জিপিএ (জেলা সদরের স্কুল )	ন্যূনতম জিপিএ (জেলা সদরের বাহিরের স্কুল )
বিজ্ঞান/ ভোকেশনাল	৪.৪	৪.২
মানবিক/ বাণিজ্য/ অন্যান্য	৪.২	৪.০

শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত ছাত্র-ছাত্রীদেরকে চূড়ান্ত নির্বাচনী পরীক্ষায় (লিখিত ও মৌখিক) অংশগ্রহণের জন্য ডাকা হবে। প্রকল্প সংশ্লিষ্ট সকল বিষয়ে ফাউন্ডেশনের সিদ্ধান্তই চূড়ান্ত।

নির্বাহী পরিচালক

হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন

ফ্ল্যাট: ৯/সি, রূপায়ণ শেলফোর্ড

২৩/৬ বীর উত্তম এ.এন.এম. নুরুজ্জামান সড়ক, শ্যামলী, ঢাকা-১২০৭।